# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মুর আজ নতুনদিল্লীতে পদ্মসম্মানগুলো প্রদান । আসামের জয়ণাচরণ বাথারী , অনিল কুমার বড়োর পদ্মশ্রী সম্মান গ্রহণ ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ নতুনদিল্লীতে তার বাসভববনে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এর সংগে এক গুরুত্বপূর্ণ বৈঠক ।

৩) পহেলগামের সন্ত্রাসবাদী আক্রমনের সমর্থনে মন্তব্য করা লোকের বিরুদ্ধে আসাম পুলিশের অভিযানে এপর্যন্ত ২২ জন গ্রেপ্তার ।
এবং

৪) পঞ্চায়েত নির্বাচনের প্রচার অভিযান সমাপ্তির মধ্যে আর মাত্র দুদিন বাকী থাকায় প্রচার অভিযান তুংগে ।

-----------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে পদ্ম পুরস্কার সমুহ প্রদান করেন ।দেশের অন্যতম সর্বোচ্চ অসামরিক সম্মান পদ্ম পুরস্কার তিনটি পর্যায়ে প্রদান করা হয় -এর মধ্যে সাতটি পদ্ম বিভূষণ , ১৯ টি পদ্মভূষণ এবং ১১৩ টি পদ্মশ্রী পুরস্কার রয়েছে । শিক্ষা , সমাজসেবা , জনসংযোগ ,বিজ্ঞান , শিল্প , বাণিজ্য , চিকিৎসা , সাহিত্য ,ক্রীড়া তথা অসামরিক সেবা সহ বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য এই পুরস্কার সমুহ প্রদান করা হয় ।বিশিষ্ট সম্পাদক তথা প্রসার ভারতীর প্রাক্তন অধ্যক্ষ এ সূর্য প্রকাশ কে পদ্মভূষণ /ভারতীয় হকি দলের প্রাক্তন অধিনায়ক পি আর শ্রীজেশকে পদ্মভূষণ / বিশিষ্ট ভায়োলিন বাদক তথা সুরকার ডঃ এল সুব্রমনিয়ম এবং গেষ্ট্র এন্ট্রলজিষ্ট ডাঃ নাগেশ্বর রেড্ডীকে পদ্মবিভূষণ পুরস্কার প্রদান করা হয়

।বিশিষ্ট গজল গায়ক পঙ্কজ উধাসকে মরণোত্তরভাবে পদ্মভূষণ পুরস্কার প্রদান করা হয় ।

আসামের সাহিত্য ও শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য অনিল কুমার বড়ো এবং ডিমা হাসাও জেলার প্রবীণ লোকসঙ্গীত শিল্পী জয়নাচরণ বাথারীকে পদ্মশ্রী সম্মান প্রদান করা হয় ।পদ্মভূষণ পুরস্কার লাভ করা সত্রীয়া সংস্কৃতির বিশিষ্ট সাধক নৃত্যাচার্য যতীন গোস্বামীকে পরবর্তী পর্যায়ে এই পুরস্কার প্রদান করা হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুনদিল্লীতে তাঁর বাসভবনে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংয়ের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হন । এই আলোচনা প্রায় ৪০ মিনিট ব্যাপী চলে । চিফ অব ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহানও গতকাল প্রতিরক্ষা মন্ত্রী শ্রী সিংয়ের সঙ্গে সাক্ষাৎ করেন ।

এদিকে পহেলগামে সন্ত্রাসবাদী আক্রমণের পর ভারত পাকিস্তানের ১৬ টি ইউটিউব চ্যানেলকে নিষিদ্ধ করেছে । অভিযোগ অনুযায়ি এই চ্যানেলগুলি উদ্দেশ্য প্রণোদিতভাবে উস্কানীমূলক বিষয়বস্তু প্রচার করা সহ ভারত তথা ভারতের সেনাবাহিনী এবং সুরক্ষা সংস্থা সমুহের বিষয়ে ভূয়ো ও বিভ্রান্তিমূলক খবর প্রচার করছিল ।এই নিষিদ্ধ চ্যানেলগুলোর ৬ কোটি ৩০ লক্ষেরও বেশী সাবসক্রাইবার ছিল ।ভারত সরকার পহেলগাম সন্ত্রাসবাদী আক্রমণের বিষয়ে বি বি সি'র প্রচার করা খবরেরও তীব্র প্রতিক্রিয়া ব্যাক্ত করেছে ।অভিযোগ অনুযায়ি বি বি সি'র প্রচারিত খবরে সন্ত্রাসবাদীকে বিদ্রোহী বা উগ্রপন্থী হিসেবে অভিহিত করা হয়েছিল । বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয় বি বি সি'র প্রচারিত খবরের প্রতিও সতর্ক দৃষ্টি রেখে চলেছে ।

---

আসাম পুলিশ পহেলগামে সংঘটিত সন্ত্রাসবাদী আক্রমণের সমর্থনে মন্তব্য করা লোকেদের বিরুদ্ধে অভিযান চালিয়ে এপর্যন্ত ২২ জন লোককে আটক করেছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নির্দেশ অনুসারে দেশ বিরোধী মন্তব্য করা লোকেদের তাৎক্ষণিকভাবে আটক করা হচ্ছে ।আজ গোয়ালপারা পুলিশ দুজন যুবককে আটক করেছে । তারা সামাজিক মাধ্যমে পাকিস্তান এবং পহেলগামে সংঘঠিত আক্রমণের সমর্থনে বার্তা দিয়েছিল । ধুবরী জেলার গৌরীপুর পুলিশ ও আজ পহেলগামের ঘটনা সম্পর্কে সামাজিক মাধ্যমে দেশ বিরোধী মন্তব্য করার অভিযোগে একজনকে আটক করেছে ।উল্লেখ্য গতকাল কাছাড় পুলিশ ইমরান হুসেন ও কমরুদ্দিন নামে দুজন কে আটক করেছে ।

---

জাতীয় নাগরিক পঞ্জীতে নাম অন্তর্ভুক্তির  জন্য আবেদন না করে আসামে আধার নম্বর লাভ করা লোকেদের বিরুদ্ধে রাজ্য সরকার শীঘ্র অভিযান চালাবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান ।মুখ্যমন্ত্রী ডঃ শর্মা গতকাল একথা জানিয়ে বলেন যে বহু লোক এন আর সি তে আবেদন নাকরেও আসামে আধারকার্ড লাভ করেছে ।এধরণের লোকের বিরুদ্ধে রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করবে বলে তিনি জানান ।সামাজিক মাধ্যমে ভূয়ো একাউন্ট খোলা ব্যক্তিদের বিরুদ্ধেও সরকার সতর্ক দৃষ্টি রেখে চলেছে এবং এধরনের একাউন্ট নজরে এলে পুলিশকে অবগত করাতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।এই বিষয়ে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে ইতিমধ্যে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

ভারতের আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে আজ আসাম সহ মেঘালয় , অরুণাচল প্রদেশ , নাগাল্যান্ড , মণিপুর , ত্রিপুরা , কেরালা ও পশ্চিমবঙ্গের কিছু কিছু স্থানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানানো হয়েছে ।আবহাওয়া বিজ্ঞান বিভাগের প্রবীণ বিজ্ঞানী ডঃ আর কে জেনামানি আকাশবাণীকে একথা জানান ।

---

পঞ্চায়েত নির্বাচনের প্রচার অভিযান সমাপ্তির মধ্যে আর মাত্র দুই দিন বাকী থাকায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান  তুংগে উঠেছে । মুখ্যমন্ত্রী তথা বিজেপির নেতা ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ বিশ্বনাথ , শোনিতপুর ও নগাও এ নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন । দেশের মধ্যে আসামকে শ্রেষ্ঠ রাজ্য হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে বিশেষ ভূমিকা গ্রহণ করতে মুখ্যমন্ত্রী জনসাধারণের প্রতি আহ্বান জানান । দলের নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ ডিব্রুগড় জেলার টিংখং নাহারকাটিয়া ছাড়া ও দুলিয়াজানে দলীয় প্রার্থীদের হয়ে প্রচার চালান ।

কংগ্রেস দলের রাজ্য সভাপতি ভূপেন বরা আজ রঙানদী আসনের বিভিন্ন স্থানে প্রচার কার্যসূচীতে অংশ নেন । সাংসদ গৌরব গগৈ যোরহাট জেলার  বিভিন্ন স্থানে প্রচার চালিয়ে যাচ্চেন ।

বরাক উপত্যকার তিনজেলায় ও নির্বাচনী প্রচার তুংগে উঠেছে ।

বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী  কৌশিক রাই আজ কাছাড় জেলার উধারবন্দ বিধানসভা কেন্দ্রের অধীন ছোট দুধপাতিল , ডলু  বরখলা জেলা পরিষদের বিজেপির প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচার চালান ।

কংগ্রেসের জেলা সভাপতি অভিজিত পাল আজ শিলচর জেলা পরিষদ আসনের প্রার্থীর হয়ে রানীঘাট বাজার , কাটিগড়ায় নির্বাচনী প্রচার সভায় অংশ নেন ।

শ্রীভূমি জেলায় পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে ভারতীয় জনতা পার্টি , কংগ্রেস , অসম গণ পরিষদ সহ অন্যান্য রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীরা প্রচার অভিযান অব্যাহত রেখেছেন । এর অংশ হিসেবে আজ জেলার ভৈরবনগর জেলা পরিষদ আসনের প্রার্থীর হয়ে রাকেশ নগর বাজারে আয়োজিত এক নির্বাচনী সভায় বিধায়ক বিজয় মালাকার দলীয় প্রার্থীর হয়ে প্রচার চালান ।

এদিকে অসম গণ পরিষদ দলের নেতা কেশব মহন্ত অগপ বিজেপি মিত্রজোটের প্রার্থীদের হয়ে প্রচার অভিযানে অংশ নিতে আগামীকাল শ্রীভূমি জেলায় আসছেন ।

হাইলাকান্দিতে ও বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান অব্যাহত রয়েছে । মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আজ কালিনগরের স্বামী বিবেকানন্দ প্রেক্ষাগৃহে দলীয় প্রার্থীদের হয়ে প্রচার সভায় অংশ নেন । অন্যদিকে শিবসাগরের বিধায়ক অখিল গগৈ আজ জেলার গুদামঘাট ও বেসিক চৌরংগী ও আলগাপুর বাজারে রাইজর দলের প্রার্থীদের হয়ে প্রচার চালান । আলগাপুর বাজারে কংগ্রেস প্রার্থীর হয়ে এক জনসভা অনুষ্ঠিত হয় । এদিকে মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ও আজ আলগাপুর - মোহনপুর জেলাপরিষদ আসনের প্রার্থীর হয়ে প্রচার অভিযানে অংশ গ্রহণ করেন । জেলার নির্দল প্রার্থীরা ও ব্যানার পোষ্টার ইত্যাদির মাধ্যমে প্রচার অভিযান চালিয়ে যাচ্ছেন ।

---

সাংসদ প্রদ্যুৎ বরদলৈ ও বটদ্রবার বিধায়ক শিরমণি বরাকে আক্রমণ সম্পর্কে আজ আসাম প্রদেশ কংগ্রেস কমিটি পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিং এর সংগে সাক্ষাৎ করে একটি স্মারকপত্র প্রদান করে । পত্রের মাধ্যমে দলের নেতৃবৃন্দ এই ঘটনায় জড়িতদের শনাক্ত করে বিহিত ব্যবস্থা গ্রহণ করতে দাবী জানান । একইভাবে রাজ্যের আইন শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা করতে কমিটি দাবী জানায় । উল্লেখ্য পঞ্চায়েত নির্বাচনের প্রচার চালানোর সময় নগাও জেলার ধিং এ ডুমডুমিয়াতে সাংসদ প্রদ্যুৎ বরদলৈ ও বিধায়ক শিরমণি বরার ওপর একাংশ দুষ্কৃতকারী আক্রমণ চালায় ।উভয় নেতা ডুমডুমিয়া র বালিসত্র জেলা পরিষদের কংগ্রেস প্রার্থীর হয়ে প্রচার সভায় অংশ নিয়ে ধিং অভিমুখে যাওয়ার সময় ১৫ জনের একটি দুষ্কৃতকারীর দল তাদেরকে আক্রমণ করে । দলটি সাংসদ প্রদ্যুৎ বরদলৈ ও কংগ্রেসের মুখপাত্র মহসিন খানের দুটি গাড়ী ভেঙে চুরমার করে দেয় । এই আক্রমণে সাংসদের সংগে মামাই পেগু , কংগ্রেসের মুখপাত্র মহসিন খান , বিধায়ক শিরমণি ডেকা সহ আরো কয়েকজন দলীয় কর্মী আহত হন । পরে তারা শলগুরি উপ - পুলিশ চৌকিতে গিয়ে পুলিশকে ঘটনা সম্পর্কে বিস্তারিত জানান ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলায় ৪৮ ঘন্টার জন্য ড্রাই ডে ঘোষনা করেছেন । এরফলে জেলায় আগামী ৩০শে এপ্রিল বিকেল সাড়ে চারটা থেকে দোসরা মে বিকেল সাড়ে চারটা পর্য্যন্ত সমগ্র জেলায় ড্রাই ডে থাকবে । পাশাপাশি ভোট গণনার দিন আগামী ১১ই মে , ভোট গণনা শেষ না হওয়া পর্য্যন্ত ড্রাই ডে থাকবে । ড্রাই ডে চলাকালীন সময়ে জেলার সব হোলসেল ও খুচরো মদ বিক্রী , লাইসেন্স প্রাপ্ত দেশী ও বিদেশী মদের দোকানে মদ বিক্রি ও পরিবেশন বন্ধ থাকবে । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আবগারী আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------